দৈনিক ইত্তেফাক

তারিখ 18 OCT 1993
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৭ ...

১৫

## প্রাথমিক শিক্ষকদের স্মারকলিপি পেশ

৪ দফা দাবী আদায়ের লক্ষ্যে দেশের বেসরকারী প্রাথমিক স্কুলের শিক্ষক-শিক্ষিকাবৃন্দ গতকাল (রবিবার) প্রধানমন্ত্রীর সচিবালয় অভিমুখে মিছিল বাহির করে।

(শেষ পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## প্রাথমিক শিক্ষকদের

(১ম পৃঃ পর)

মিছিলটি বাংলা মোটরের নিকট পৌঁছিলে পুলিশ বাধা দেয়। পরে শিক্ষকদের একটি প্রতিনিধি-দল প্রধানমন্ত্রীর সচিবালয়ে ৪দফা দাবী সম্বলিত স্মারকলিপি পেশ করে। দাবীসমূহ: সকল রেজিস্টার্ড বেসরকারী প্রাথমিক বিদ্যালয় জাতীয়করণ এবং শিক্ষক-শিক্ষিকাবৃন্দের চাকুরী সরকারীকরণ, সকল বেসরকারী প্রাথমিক বিদ্যালয় নিবন্ধীকরণের অনুমতি প্রদান, জাতীয়করণের পূর্ব পর্যন্ত শিক্ষক-শিক্ষিকাদের ন্যূনতম ১৫ শত টাকা বেতন ভাতা প্রদান ইত্যাদি।

—প্রেস বিজ্ঞপ্তি